# জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)
গুলফেশাঁ প্লাজা (১২তম, তলা) ৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, মগ বাজার, ঢাকা-১২১৭
ফোনঃ চেয়ারম্যান- ৯৩৩৫৫১৩, সার্বক্ষণিক সদস্য- ৯৩৩৬৩৬৯, সচিব- ৯৩৩৬৮৬৩
হেল্প লাইন- ৯৩৪৭৯৭৯ (সকাল ০৯.০০টা থেকে বিকাল ০৫.০০টা)
ফ্যাক্সঃ ৮৩৩৩২১৯; ই-মেইলঃ nhrc.bd@gmail.com


স্মারক নংঃ জামাকন/প্রেস:বিজ্ঞ:/২৩৯/১৩-৯৫২ তারিখ: ১০ আগস্ট, ২০১৬

## প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়ঃ দলিতদের অধিকার প্রতিষ্ঠায় বৈষম্য-বিলোপ আইন প্রণয়ন করা জরুরি।**

জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক বলেছেন, সমাজে দলিতদের অধিকার প্রতিষ্ঠা করতে বৈষম্য-বিলোপ আইন প্রণয়ন করাটা জরুরি।

এনজিও নাগরিক উদ্যোগের একটি প্রতিনিধিদলের সঙ্গে বুধবার এক মতবিনিময় সভায় কাজী রিয়াজুল হক একথা বলেন। তিনি বলেন, হবিগঞ্জের মাধবপুর উপজেলার বৈকুন্ঠপুর চা বাগানের ৩৬২ জন শ্রমিক প্রায় চার মাস যাবৎ বেতন পাচ্ছেন না। এতে শ্রমিকদের মানবাধিকার লঙ্ঘিত হচ্ছে। কমিশনের সার্বক্ষণিক সদস্য মো. নজরুল ইসলাম বলেছেন, এ বিষয়ে স্থানীয় প্রশাসনের দ্রুত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। মানবাধিকার কমিশন বিষয়টি সরেজমিনে পরিদর্শন করতে পারে বলেও তিনি অভিমত ব্যক্ত করেছেন। কমিশনের সদস্য নূরুন নাহার ওসমানী বলেছেন, আমাদের মানসিক অবস্থার পরিবর্তন না হলে শুধু আইন দ্বারা দলিতদের অধিকার প্রতিষ্ঠা সম্ভব না। এ বিষয়ে মানবাধিকার কমিশনের পাশাপাশি নাগরিক সমাজের প্রতিনিধিদেরও জনসচেতনতা সৃষ্টির কাজ করতে হবে।

নাগরিক উদ্যোগের নির্বাহী পরিচালক জাকির হোসেন এর নেতৃত্বে পাঁচ সদস্যের একটি প্রতিনিধিদল দলিতদের অধিকার নিশ্চিতকরণে নাগরিক উদ্যোগ ও জাতীয় মানবাধিকার কমিশনের সম্মিলিত প্রচেষ্টার কিছু উদাহরণ তুলে ধরেন এবং বৈষম্য বিলোপ আইন প্রণয়নে জাতীয় মানবাধিকার কমিশনকে আরো জোরদার উদ্যোগ নেওয়ার অনুরোধ করেন।

মতবিনিময় সভায় কমিশনের পরিচালক মোঃ শরীফ উদ্দীন, জনসংযোগ কর্মকর্তা ফারহানা সাঈদ, সহকারী পরিচালক এম. রবিউল ইসলাম এবং জয়দেব চক্রবর্তী উপস্থিত ছিলেন।

বার্তা প্রেরক

Farhana 10/08/16

ফারহানা সাঈদ
জনসংযোগ কর্মকর্তা
জাতীয় মানবাধিকার কমিশন (জামাকন), বাংলাদেশ